



## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মুলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১০ জুন '২০২৩।

### চসিক বৌদ্ধ পেশাজীবী পরিষদের উদ্যোগে শুভ বুদ্ধ পূর্ণিমা উদযাপন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বুদ্ধ পূর্ণিমা ও বুদ্ধ জয়ষ্ঠী উদযাপন-২৩ আজ শনিবার ইঞ্জিনিয়ার্স ইনসিটিউট মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সভার প্রধান অতিথি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়ার বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী বুদ্ধ পূর্ণিমা ও বুদ্ধ জয়ষ্ঠী উদযাপনের সার্বিক পরিকল্পনা সম্পর্কে অবগত হয়ে এ ব্যাপারে সর্বোচ্চ সহযোগিতার আশ্বাস দেন।

তিনি বলেন, ধর্মীয় পরিচয় এর ভিত্তিতে বিভেদ নয় বরং মনুষ্যত্বের পরিচয়ই আমার কাছে বরাবর প্রাধান্য পেয়ে আসছে। তাই বঙ্গবন্ধুর অসাম্প্রদায়িক চেতনার ভিত্তিতে চট্টগ্রামকে এগিয়ে নিতে সব ধর্মের মানুষের মধ্যে ভাতৃত্বপূর্ণ সম্পর্ক প্রতিষ্ঠায় কাজ করে যাব।

সভায় উদ্বোধনী ভাষণ প্রদান করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশন বৌদ্ধ পেশাজীবী পরিষদের সভাপতি(ভারপ্রাপ্ত),শিক্ষক এম. বোধিমিএ মহাথের। স্বাগত ও সম্পাদকীয় প্রতিবেদন উপস্থাপন করেন প্রকৌশলী জয়সেন বড়ুয়া। মুখ্য ধর্মালোচক ভদ্রত ড. দেবপ্রিয় মহাথের,অধ্যক্ষ গুমানমদর্ন নালানদা সাবজনীন বৌদ্ধ বিহার, হাটহাজারী। ভদ্রত সন্দর্ভশ্রী শ্রদ্ধনন্দ থের, অধ্যক্ষ, জৈষ্ঠপুরা কেন্দ্রীয় বৈশালী বিহার। বিশেষ অতিথি ছিলেন মি. ব্রক্ষান্ত প্রতাপ বড়ুয়া(রিপন) পরিচালক, বাংলাদেশ-থাই চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ। আরো বক্তব্য রাখেন শুভ বুদ্ধ পূর্ণিমা ও বুদ্ধ জয়ষ্ঠী উদযাপন পরিষদ'২৩ সভাপতি লিটল বড়ুয়া ও সাধারণ সম্পাদক প্রকৌশলী রঞ্জেল বড়ুয়া,অভ্যর্থনা পারিষদের কাজল বড়ুয়া, সমষ্টি পরিষদের দেবজিত বড়ুয়া(বাঙ্গা),ধর্মীয় সম্পাদক পীয়স বড়ুয়া। শুভেচ্ছা বক্তব্য রাখেন প্রকৌশলী বিপ্লব দাশ।

চট্টগ্রাম সিটি কর্পোরেশন শুভ বুদ্ধ পূর্ণিমা উদযাপন এর মূল উদ্দেশ্য হিসাবে সম্মাননা প্রদান করা হয় শিক্ষক দীপেন কান্তি চৌধুরীকে। পরে চট্টগ্রাম সিটি কর্পোরেশন বৌদ্ধ পেশাজীবী পরিষদের সদস্যদের সত্তানদের এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় গোড়েন জিপিএ-৫ প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের সম্মাননা প্রদান করা হয়।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮